79

দৈনিক সংবাদ

তারিখ ... 06 NOV. 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫......

# কুমিল্লার ছাত্রছাত্রীদের সরকারি কলেজে ভর্তির আগ্রহ কমে গেছে

## ❑ কারণ নকলের অসুবিধা ❑ ৩টি কলেজে ১১৯৯ আসন শূন্য

।। নুরু রহমান ।।

কুমিল্লা ঃ শহরের সরকারি কলেজসমূহে ছাত্রছাত্রী ভর্তির সংখ্যা কমে যাচেছ। শহরের তিনটি সরকারি কলেজে ২ হাজার ৫শ' আসন রয়েছে। এর বিপরীতে এবছর মাত্র ১৩শ' ১জন ভর্তি হয়েছে। এর কারণ অনুসন্ধান করে জানা গেছে, সরকারি কলেজগুলোর প্রতি ছাত্রছাত্রীদের আগ্রহ কম। পরীক্ষা কেন্দ্রের পাশাপাশি নকলের সুবিধা রয়েছে- এমন বেসরকারি কলেজে ভর্তি হতে আগ্রহী। বিভিন্ন কলেজের প্রধানগণ এই মন্তব্য করেছেন।

শহরের তিনটি সরকারি কলেজে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে ২ হাজার ৫শ' ছাত্রছাত্রীর ভর্তির সুযোগ রয়েছে। কিন্তু কলেজ তিনটিতে মাত্র ১৩শ' ছাত্রছাত্রী '৯৮-'৯৯ শিক্ষাবর্ষে ভর্তি হয়েছে। যা গতবছর অর্থাৎ '৯৭-৯৮ শিক্ষা বর্ষের তুলনায় ৫শ' ২৫ জন কম। গত বছর ২৫শ' আসনের বিপরীতে ভর্তি হওয়া শিক্ষার্থীর সংখ্যা ছিল ১৮শ' ২৬ জন।

ভিক্টোরিয়া সরকারি কলেজে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে ১১শ' শিক্ষার্থীর ভর্তির সুযোগ রয়েছে। বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে আসন সংখ্যা ৫শ' ও ৩শ'। এই বিভাগ দু'টিতে ৮শ' শিক্ষার্থী ভর্তি হয়েছে। কিন্তু কম ভর্তি হয়েছে মানবিক বিভাগে। এই বিভাগে ৩শ' আসনের বিপরীতে ভর্তি হয় মাত্র ১২০ জন।

কম ভর্তির কারণ হিসেবে নকল করার সুযোগ না পাওয়ার কথা বলছেন কলেজ উপাধ্যক্ষ প্রফেসর ফজলুল করিম মজুমদার। তিনি আরো বলেছেন, এবারে বন্যার কারণে সার্বিকভাবে গ্রামের অর্থনৈতিক অবস্থা খারাপ। তাই অনেকের পক্ষেই শহরে থাকা-খাওয়ার ব্যবস্থা করে শহরের ভাল কলেজগুলোতে পড়ালেখা সম্ভব হবে না। ভর্তি কম হওয়ার এটাও কারণ।

তার মতে সাথে নকলের বিষয়টিতে একমত হয়েছেন কুমিল্লার সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মোঃ আলী হোসেন মজুমদার। তিনি দ্বিমত পোষণ করেছেন অর্থনৈতিক ব্যাপারটি প্রসঙ্গে। তিনি বলেছেন, অর্থনৈতিক কারণে এখনকার যুগে কারো পড়ালেখা আটকে থাকে না। তিনি শহরের কয়েকটি বেসরকারি কলেজগুলোর কথা উল্লেখ করে বলেছেন, সে কলেজগুলোতে ভর্তির হার আগের থেকে বেড়েছে।

উল্লেখ্য, কুমিল্লার বেসরকারি কলেজগুলোর ভর্তির প্রক্রিয়া এখনও শেষ হয়নি। অবশ্য কুমিল্লার অজিতগুহ কলেজের একটি সূত্র জানিয়েছে, এই কলেজে গতবারের তুলনায় এবার বেশি ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। কুমিল্লা মহিলা সরকারি কলেজের বিজ্ঞান ও মানবিক বিভাগে ৮শ' ছাত্রী ভর্তির আসন রয়েছে। বিজ্ঞান বিবাগের ৩শ' আসনের বিপরীতে ভর্তি হয়েছে ১শ' ২ জন এবং মানবিক বিভাগের ৫শ' আসনের বিপরীতে ভর্তি হয়েছে ৮৩ জন। যা গতবারের চেয়ে ২শ' ৭৩ জন কম। গত বছর বিজ্ঞান বিভাগে ১শ' ৭০ এবং মানবিক বিভাগে ২শ' ৮৮ জন ছাত্রী ভর্তি হয়েছিল।

কুমিল্লা সরকারি কলেজে বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের ৬শ' আসনের বিপরীতে ১শ' ৯৯ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে। যা গতবারের চেয়ে ২শ' ১৯ জন কম। গতবার ভর্তি হয়েছিল ৪শ' ১৮ জন। এবার বিজ্ঞান বিভাগে ভর্তি হয়েছে ১শ' ৪৬ জন, মানবিকে মাত্র ৭ জন এবং বাণিজ্য বিভাগে ৪৬ জন। গতবার বিজ্ঞান বিভাগে ভর্তি হয়েছিল ২০২ জন। মানবিকে ১শ' ৬৭ জন এবং বাণিজ্য বিভাগে ৪৯ জন। কলেজটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ আজগর আহমেদ জানালেন, নকলের সুযোগ না থাকায় আমাদের কলেজে ছাত্রছাত্রীরা ভর্তি হতে চায় না।